দৈনিক ইনকিলাব

তারিখ ...10 APR 1997
পৃষ্ঠা ১২ কলাম ৪

# মাদ্রাসা শিক্ষা সঙ্কোচনের ষড়যন্ত্র সফল হতে দেব না

—আঃ মান্নান ভুঁইয়া

বিএনপি মহাসচিব আবদুল মান্নান ভুঁইয়া বলেছেন, এই সরকার শিক্ষার উন্নয়নে নয়, ধ্বংসে বিশ্বাসী। বিএনপি শাসনামলে শিক্ষার হার ও মান উন্নয়নের ক্ষেত্রে যে বৈপ্লবিক ধারা সূচিত হয়েছিল, বর্তমান সরকার তাকে ধ্বংস করে চলেছে। তিনি গতকাল শিবপুরের মাছিমপুর আশ্রাফুল উলুম দাখিল মাদ্রাসার পাকা ভবন উদ্বোধন ও বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে একথা বলেন। মাদ্রাসার প্রিন্সিপালের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন— কৃষক দলের কেন্দ্রীয় কমিটির কোষাধ্যক্ষ আমিনুল হক আমিন ও থানা বিএনপির সাধারণ সম্পাদক সুলতান উদ্দিন মোল্লা।

জনাব আব্দুল মান্নান বলেন, সরকার মাদ্রাসা শিক্ষা সঙ্কোচনের পাঁয়তারা চালিয়ে যাচ্ছে। আমরা এই ষড়যন্ত্র সফল হতে দেব না। এ শিক্ষার শত্রু এই সরকারের বিরুদ্ধে প্রতিটি শিক্ষার্থী ও অভিভাবককে সোচ্চার হয়ে প্রতিবাদে নামতে হবে। প্রেস বিজ্ঞপ্তি।